গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "১১টি মডার্ন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোকাব্বির হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ২৫ এপ্রিল, ২০২২ খ্রি: |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | Zoom Online Platform-এ ভিডিও কনফারেন্স এর মাধ্যমে ভার্চুয়াল |
| উপস্থিতি | সভায় জনাব মোঃ মতিয়ার রহমান, মহাপরিচালক (আইএমইডি), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, জনাব মোঃ খায়রুল আলম সেখ, অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), মোসাম্মাৎ শাহানারা খাতুন, অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ) জনাব মোঃ আলী রেজা সিদ্দিকী, যুগ্মসচিব (পরিকল্পা অধিশাখা), জনাব আরিফ আহমদ, যুগ্মসচিব (পরিকল্পনা-১), জনাব মোঃ আনোয়ার হোসেন (যুগ্মসচিব) কার্যক্রম বিভাগ, জনাব মোঃ ফরহাদ সিদ্দিক, (যুগ্মপ্রধান) সাধারণ অর্থনীতি বিভাগ, জনাব মোঃ মানজুরুল মান্নান (যুগ্মসচিব) অর্থ বিভাগ, জনাব মোঃ ইউনুছ মিয়া (যুগ্মপ্রধান) এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, জনাব মোঃ তারিকুল ওমর, উপপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, জনাব মোঃ তারিকু জনাব শাহিন মিয়া, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, জনাব বিশ্বজিৎ বড়ুয়া (তত্ত্বাবধায়ক স্থপতি) স্থাপত্য অধিদপ্তর, লেঃ কর্নেল মোঃ রেজাউল করিম, পিএসসি, পরিচালক (উন্নয়ন) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, জনাব মুহাম্মদ শহিদ উল্লাহ, উপসচিব (পরিকল্পনা-২) সুরক্ষা সেবা বিভাগ ও মোঃ শহীদ আতাহার হোসেন, প্রকল্প পরিচালক সভায় অংশগ্রহণ করেন। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রথমে তিনি পূর্ববর্তী প্রজেক্ট স্টিয়ারিং সভার কার্যবিবরণীর বিষয়ে কারও কোন মতামত থাকলে সেটি জানানোর অনুরোধ করেন। কারও কোন মতামত না থাকায় সেটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর তিনি প্রকল্প পরিচালককে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক জানান যে, আলোচ্য প্রকল্পটির মেয়াদ জানুয়ারী/২০১৯ হতে জুন/২০২১ পর্যন্ত নির্ধারিত ছিলো। যা পরবর্তীতে ১ম সংশোধনীর মাধ্যমে জুন/২০২২ পর্যন্ত সময় বৃদ্ধি করা হয়েছে। প্রকল্পের ব্যয় ৬৪৫.৬৮ কোটি টাকা। প্রকল্প পরিচালক এ প্রকল্পের আওতায় নির্মাণাধীন ১১টি মডার্ণ ফায়ার স্টেশনের অগ্রগতি স্টেশন ভিত্তিক উপস্থাপন করেন। তিনি জানান যে, প্রকল্পের অধীনে রুপপুর গ্রীনসিটি ও সারাবো (কাশিমপুর) এর নির্মাণকাজ শেষ হয়েছে। সাভার সেনানিবাস, জিরাবো এর অগ্রগতি ৯৩%, গাজীপুর চৌরাস্তা প্রকল্পের অগ্রগতি ৮৫%, কাঁচপুর ব্রিজ নারায়নগঞ্জ এর অগ্রগতি ৬৬%। এগুলো জুন, ২০২২ এর মধ্যে নির্মাণ কাজ শেষ হবে। কর্ণফুলি চট্রগ্রামের কাজ ৬০% হবার কথা থাকলেও কাজ হয়েছে ৪০%, শিবু মার্কেট, ফতুল্লা, নারায়নগঞ্জ এর কাজ হয়েছে ১২%, কোনাবাড়ী গাজীপুর এর কাজ ১৭%, রাজেন্দ্রপুর, গাজীপুর এর কাজ হয়েছে ২০%। এছাড়া রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র, পাবনা এবং কালুরঘাট, চট্রগ্রামের টেন্ডার করা হয়েছে। এ দুটির কাজ জুন ও জুলাই, ২০২২ শুরু হবে বিবেচনায় জুন, ২০২৩ এর মধ্যে কাজ শেষ করার জন্য প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপিতে ১ বছর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রস্তাবিত

সংশোধিত ডিপিপির উপর পরিকল্পনা কমিশনে ইতোমধ্যে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত আরডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য প্রক্রিয়াধীন রয়েছে বলে তিনি জানান।

০৩। এ পর্যায়ে প্রকল্প পরিচালক প্রকল্পের অগ্রগতি বিষয়ে তিনি স্টেশনভিত্তিক ছবি উপস্থাপন করেন। এর মধ্যে গাজীপুর চৌরাস্তা মডার্ণ ফায়ার সার্ভিস স্টেশনের পিছনের পুকুরের গাইড ওয়াল বিষয়ে আলোচনা হয়। সভাপতির এক প্রশ্নের জবাবে মহাপরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সভাকে জানান যে, পরবর্তীতে রাজস্ব খাত হতে পুকুরের গাইড ওয়াল করার প্রচেষ্টা নেওয়া হবে। ভৌত অবকাঠামো বিভাগের প্রতিনিধি এই স্টেশনের পানিবাহী গাড়ী বের হবার রাস্তার বিষয় উপস্থাপন করলে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, স্টেশন নির্মাণকাজ শুরুর পর নক্সায় রক্ষিত রাস্তাটি ব্যক্তিগত জমি বলে দাবি করে সেখানে কিছু ব্যক্তি স্থাপনা নির্মাণ করেছে। এ ক্ষেত্রে এখন অন্যদিক দিয়ে রাস্তা করার কথা রয়েছে। প্রধান সড়ক ব্যতিরেকে গলির মধ্যে দিয়ে অগ্নি নির্বাপণে পানিবাহী গাড়ী বের হওয়ার ক্ষেত্রে সমস্যা হবে বিবেচনায় সেটি সমাধানের জন্য উপস্থিত সকলে মতামত প্রদান করেন। ভৌত অবকাঠামো বিভাগ, আইএমইডি, জিইডি, কার্যক্রম বিভাগ এবং একনেক এর প্রতিনিধি এই সামান্য জমি অধিগ্রহণপূর্বক আরডিপিপিতে সংস্থানের জন্য প্রস্তাব করেন। আইএমইডি'র প্রতিনিধি জুন, ২০২৩ সময়ের মধ্যে প্রকল্পটি সমাপ্ত করা হবে কিনা প্রশ্ন করলে গণপূর্ত বিভাগের প্রতিনিধি মে, ২০২৩ সময়ের মধ্যে শেষ করা হবে মর্মে মতামত প্রদান করেন। এ পর্যায়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, এই স্টেশনের প্রধান সড়কের রাস্তা বর্ধিত হবার কাজ চলছে, তাই এর মধ্যে কতটুকু জায়গা সড়ক ও জনপথ বিভাগের রয়েছে তা জানানোর জন্য পত্র দেওয়া হয়েছে। এটি পর্যালোচনা করে যদি সামান্য জমি অধিগ্রহণের প্রয়োজন হয় তা প্রকল্প হতে সংস্থান করা যাবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং এপ্রিল, ২০২২ সময়ের মধ্যে বিষয়টি যাচাই করে দেখে এর আলোকে ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত নেওয়া হয়।

০৪. বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়;

১. কর্মপরিকল্পনা অনুযায়ী মানসম্মতভাবে প্রকল্পকাজ যথাসময় সমাপ্ত করতে হবে;

২. নিয়মিতভাবে প্রকল্পের স্টেশনসমূহ পরিদর্শন করতে হবে। নির্মাণকাজে কোন সমস্যা থাকলে তা অধিদপ্তরকে অবহিত করতে হবে;

৩. নির্মাণাধীন গাজীপুর চৌরাস্তা মডার্ণ ফায়ার স্টেশনের অগ্নি নির্বাপণের যানবাহন যাতায়াতের রাস্তা প্রধান সড়কের সঙ্গে সংযুক্ত করতে হবে। এ লক্ষ্যে প্রকল্প পরিচালক সড়ক ও জনপথ বিভাগে ও স্থানীয় প্রশাসনের সঙ্গে যোগাযোগ করবেন। প্রয়োজন হলে অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন আরডিপিপিতে অন্তর্ভুক্ত করে অথবা রাজস্ব খাত হতে প্রয়োজনীয় জমি অধিগ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৫। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোকাব্বির হোসেন
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৯.১৯.১৮৭

তারিখ: ১২ বৈশাখ ১৪২৯
২৫ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, আইএমইডি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
৩) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
৪) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
৫) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
৬) যুগ্মপ্রধান, সাধারণ অর্থনৈতিক বিভাগ
৭) যুগ্মপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ
৮) যুগ্ম সচিব, বাজেট-২ অধিশাখা, অর্থ বিভাগ
৯) তত্ত্বাবধায়ক স্থপতি (চলতি দায়িত্ব), তত্ত্বাবধায়ক স্থপতির দপ্তর, সার্কেল-৫, স্থাপত্য অধিদপ্তর
১০) জনাব শাহিন মিয়া, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১১) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ)-এর দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
১২) উপসচিব , পরি-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
১৩) প্রকল্প পরিচালক (১১ মর্ডাণ প্রকল্প), ১১ মর্ডাণ প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
১৪) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ
১৫) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

আরিফ আহমদ
উপসচিব